

# যুগান্তর

প্রিন্ট: ২৫ আগস্ট ২০২৫, ০৯:৪৬ এএম

শিক্ষাঙ্গন

## ইবির সাবেক প্রক্টরের বহিষ্কার দাবিতে ছাত্রশিবিরের বিক্ষোভ



ইবি প্রতিনিধি

প্রকাশ: ২৪ আগস্ট ২০২৫, ০৭:০৫ পিএম



ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সাবেক প্রক্টর ও আওয়ামীপন্থি শিক্ষক অধ্যাপক ড. মাহবুবর রহমানের বহিষ্কার ও বিচারের দাবিতে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করেছে শাখা ছাত্রশিবির।

রোববার দুপুর পৌনে ২টার দিকে ক্যাম্পাসের জিয়া মোড় থেকে মিছিল শুরু হয়ে প্রশাসন ভবনের সামনে সমাবেশে মিলিত হয়। এ সময় তারা অতিদ্রুত সাজিদ হত্যাকাণ্ডের বিচার নিশ্চিত ও ছাত্র সংসদ চালুর দাবি জানান।

মিছিলে সংগঠনটির সভাপতি মাহমুদুল হাসান, দপ্তর সম্পাদক রাশেদুল ইসলাম রাফি, অর্থ সম্পাদক আল আমিন, আন্তর্জাতিক ও স্কিল ডেভেলপমেন্ট সম্পাদক হাসানুল বান্না অলিসহ শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

এদিকে রোববার একটি জাতীয় দৈনিকে প্রকাশিত 'ভিন্নমত দমাতে 'জঙ্গি নাটক' সাজাতে প্রক্টর মাহবুব' শিরোনামের সংবাদের কাটিং ক্যাম্পাসে বিলি করেন তারা।

সমাবেশে শাখা ছাত্রশিবিরের সভাপতি মাহমুদুল হাসান বলেন, আওয়ামী শাসনামলে সাবেক প্রক্টর মাহবুবকে আমরা কখনো শিক্ষকের পরিচয়ে পাইনি। আমরা তাকে পেয়েছি পর্দা করায় বোনকে জঙ্গি সাজিয়ে হয়রানি করা, শিক্ষার্থীকে পরীক্ষার হল থেকে ধরে নিয়ে জঙ্গি বানিয়ে পুলিশের হাতে তুলে দেওয়া, ইসলামী শিক্ষাকে ধ্বংস করার জন্য মত্তব বন্ধ করে দেওয়া, রুমে পিস্তল রেখে মামলা দেওয়ার চেষ্টা, প্রক্টর অফিসে ডেকে নিয়ে শিক্ষার্থীকে পুলিশে তুলে দেওয়া ও শিক্ষার্থীদের তুলে নিয়ে ক্রসফায়ার দেওয়ার জন্য চোখে কালো কাপড় বেঁধে তিন দিন বেঁধে রাখার ইতিহাস।

তিনি আরও বলেন, প্রক্টর মাহবুব বাদী হয়ে ৭০ শিক্ষার্থীর বিরুদ্ধে মামলা করেছিল, যা এখনো নিষ্পত্তি হয়নি। অভ্যুত্থানের এক বছর পেরিয়ে গেলেও এখনো তাদের সঙ্গে প্রশাসনের গলায় গলায় খাতির। তাদের হাতে ক্যাম্পাস কিভাবে নিরাপদ হতে পারে? বিশ্ববিদ্যালয়ের যারা জুলাই আন্দোলনের বিরোধিতা করেছে তাদের মধ্যে মাত্র ১৯ জনের নাম এসেছে। রাঘববোয়ালদের নাম আসেনি। এই সন্ত্রাসীদের আমরা ক্যাম্পাসে দেখতে চাই না।